গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা বীজ প্রত্যয়ন অফিসারের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
খুলনা
www.sca.khulna.gov.bd

স্মারক নং-১২.০৪.৪৭০০.০০১.৩১.০১৯.২৩-২৭২ তারিখ: ২৩/০৯/২০২৫ খ্রি.

## "কোটেশন(আরএফকিউ) বিজ্ঞপ্তি"

এতদ্বারা প্রকৃত যানবাহন সরবরাহ যোগ্যতাসম্পন্ন গাড়ির মালিক/সরবরাহকারীদের নিকট হতে দি পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং তৎপরবর্তীতে সংশোধিত ও প্রণীত আইন/বিধিমালা মোতাবেক জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, খুলনা এর দপ্তরে একটি চার সিট/আসন বিশিষ্ট আধুনিক মডেলের কার (গাড়ি) নিম্নবর্নিত শর্তসাপেক্ষে ২০২৫-২৬ অর্থবছরে (জুলাই ২৫-জুন ২৬) ভাড়া চুক্তিতে সরবরাহের জন্য সীলমোহরযুক্ত খামে কোটেশন (আরএফকিউ) আহবান করা যাচ্ছে। কোটেশন দাখিলের শেষ সময় সীমা ৩০/০৯/২০২৫ খ্রিঃ ১২.০০ ঘটিকা বা ইহার পূর্বে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করতে হবে। কোটেশন দাখিলকৃত ব্যক্তিকে খামের উপর "ভাড়ায় যানবাহন সরবরাহ" কথাটি অবশ্যই লাল কালি দিয়ে লিখতে হবে এবং নাম ঠিকানা অবশ্যই স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে। একই দিন অর্থাৎ ৩০/০৯/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত কোটেশন দাখিলকৃত ব্যক্তিবর্গ (যদি কেহ উপস্থিত থাকেন) ও মূল্যায়ন কমিটি সম্মুখে কোটেশন সমূহ উন্মুক্ত করা হবে এবং তৎপরবর্তী যাচাই বাছাই কাজ সম্পন্ন করা হবে।

শর্তাবলীঃ-

০১। কোটেশন দাখিলকারী ব্যক্তিকে কোটেশন এর সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্র, ব্যাংক সলভেন্সি সনদপত্র, গাড়ীর রেজিস্ট্রেশন সনদ, জাতীয় পরিচয় পত্র, হালনাগাদ ফিটনেসসহ সকল কাগজপত্র, সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার সনদপত্র এবং ড্রাইভিং লাইসেন্সসহ সকল তথ্য উল্লেখসহ নির্দিষ্ট সময়ের (৩০/০৯/২০২৫ খ্রি.) মধ্যে কোটেশন দাখিল করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহনযোগ্য হবে না।

০২। কোটেশন খোলার নির্ধারিত দিনে সরকারি ছুটি বা অন্য কোন অনিবার্য কারণে অফিস বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে একই সময় ও নিয়মে দরপত্র খোলা হবে।

০৩। প্রধান কার্যালয়, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর হতে প্রাপ্ত বরাদ্দ সাপেক্ষে বিল পরিশোধ করা হবে এবং সরকারি বিধি মোতাবেক বিল হতে আয়কর, ভ্যাট এবং অন্যান্য কর কর্তন করা হবে ।

০৪। কোটেশন এর নির্দিষ্ট স্থানে কাজের দর অংকে এবং কথায় লিখতে হবে ।

০৫। ত্রুটিযুক্ত এবং অসম্পূর্ণ কোটেশন বাতিল বলে গণ্য হবে।

০৬। কোটেশন আহবানকারী কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণ করতে বাধ্য নহে।

০৭। কর্তৃপক্ষ যে কোন কোটেশন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮। দাখিলকৃত কোটেশন কোনরূপ কাটাকাটি ও ঘষামাজাকৃত দর গ্রহণ করা হবে না।

০৯। কোটেশন দাখিলকারী কর্তৃক আরোপিত কোন শর্ত গ্রহণযোগ্য হবে না।

১০। কোটেশন দাখিলকারী কার্যাদেশ প্রাপ্ত ব্যক্তি ৩০০/-(টাকা তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে কর্তৃপক্ষের সাথে চুক্তি সম্পাদন করবেন।

১১। কার (গাড়ী) চালকের বেতন ভাতা, গাড়ী রক্ষণাবেক্ষণ ও মেরামত, লাইসেন্স, বীমা ইত্যাদি ব্যয়ভার গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে।

১২। সরকারী ছুটির দিনসহ চাহিদা মোতাবেক গাড়ী সরবরাহ করতে হবে।

১৩। কার (গাড়ী) চলাকালীন সময়ে যান্ত্রিক গোলযোগ বা অন্য কোন কারণে চলাচলে বিঘ্ন ঘটলে তাৎক্ষনিকভাবে মেরামত করার ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে কোন গাফিলতি বা ব্যর্থতা পরিলক্ষিত হলে নিবার্চিত মালিক/গাড়ী সরবরাহকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। ড্রাইভারের যাবতীয় খরচ এবং গাড়ী চলাকালীন কোন প্রকার দূর্ঘটনা/অপ্রত্যাশিত ঘটনায় কোন প্রকার ক্ষয়ক্ষতি হলে এর দায়-দায়িত্ব গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে। গাড়ী ব্যবহারকারী কর্তৃপক্ষ কোন প্রকার দায়-দায়িত্ব বহন করবে না।

১৫। গাড়ীর মাইলেজ/মিটার সচল থাকতে হবে।

১৬। প্রতি মাসের বিল পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে জেলা বীজ প্রত্যয়ন অফিসার, খুলনা এর বরাবরে দাখিল করতে হবে।

১৭। গাড়ী চালকের বৈধ লাইসেন্স থাকতে হবে। গাড়ী চালকের কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

১৮। গাড়ী দর নিম্নোক্ত ছকে উদ্ধৃত করতে হবে (কোটেশন দাখিলকারী পূরণ করবে)। কোটেশন অবশ্যই কোটেশন দাখিলকারীর ব্যক্তির নিজ প্রতিষ্ঠানের নামে ছাপানো প্যাডে দাখিল করতে হবে।

**কোটেশন ছক:**

| ক্রঃ নং | কার ভাড়া ও প্রতি কিমি. দর | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | কারের বিবরণ (৪ আসন বিশিষ্ট ও ড্রাইভারসহ) | জ্বালানীসহ দৈনিক ২৪ (চব্বিশ) ঘন্টার দিনের ০১ (এক)টি কার ভাড়া ও প্রতি কিমি. দর | | | |
| | | কার ভাড়ার (শুধু বডি) দর | | প্রতি কিমি দর | |
| | | অংকে | কথায় | অংকে | কথায় |
| | | | | | |

ড. রুবায়েত আরা
জেলা বীজ প্রত্যয়ন অফিসার (অ.দা.)
বীজ প্রত্যয়ন এজেন্সী, খুলনা।
টেলিফোন নং-০২৪৭৮-৮২৫৬২৩
Email:dsco.khulna@sca.gov.bd

প্রাপক,

...................................................

...................................................

জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ

১। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১।
২। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১।
৩। আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, খুলনা অঞ্চল, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা।
৫। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা।
৬। মেট্রোপলিটন কৃষি অফিসার, লবণচরা, খুলনা।
৭। কৃষি সম্প্রসারণ অফিসার, দৌলতপুর, খুলনা।
৮। অফিস কপি/নোটিশ বোর্ড।